

## চেয়ারম্যান মহোদয়ের জীবন বৃত্তান্ত



চেয়ারম্যান

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

এবং

মহাপরিচালক

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

মেজর জেনারেল কাজী শরীফ কায়কোবাদ, এনডিসি, পিএসসি, জি ১১ অক্টোবর ২০১৮ তারিখে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের চেয়ারম্যান হিসেবে যোগদান করেন।

মেজর জেনারেল কাজী শরীফ কায়কোবাদ, এনডিসি, পিএসসি, জি ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক হিসেবে যোগদান করেন।

মেজর জেনারেল কায়কোবাদ ২৯ ডিসেম্বর ২০১৩ তারিখে মেজর জেনারেল পদে পদোন্নতি লাভ করেন। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে যোগদানের পূর্বে তিনি মিরপুর সেনানিবাসে অবস্থিত ন্যাশনাল ডিফেন্স কলেজে এসডিএস (সেনাবাহিনী) পদে দায়িত্বরত ছিলেন।

মেজর জেনারেল কাজী শরীফ কায়কোবাদ, এনডিসি, পিএসসি, জি ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক হিসেবে যোগদান করেন। মেজর জেনারেল কায়কোবাদ ২৯ ডিসেম্বর ২০১৩ তারিখে মেজর জেনারেল পদে পদোন্নতি লাভ করেন। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে যোগদানের পূর্বে তিনি মিরপুর সেনানিবাসে অবস্থিত ন্যাশনাল ডিফেন্স কলেজে এসডিএস (সেনাবাহিনী) পদে দায়িত্বরত ছিলেন।

মেজর জেনারেল কায়কোবাদ ১৯৬৪ সালের ০১ আগস্ট তারিখে ঢাকা জেলায় জন্মগ্রহণ করেন। ঢাকা কলেজে অধ্যয়ন শেষে তিনি ১১তম বিএমএ লং কোর্সে অংশগ্রহণ করেন এবং ১৯৮৪ সালের ২১ ডিসেম্বর তারিখে কমিশন প্রাপ্ত হন। মেজর জেনারেল কায়কোবাদ এসএসসিতে ঢাকা বোর্ডে ৫ম স্থান এবং এইচএসসিতেও একই বোর্ড থেকে ১১তম স্থান অধিকার করেন। কমিশন লাভের পর বাংলাদেশ সেনাবাহিনীর আর্টিলারি কোরের ০২ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারিতে তিনি কর্মজীবন শুরু করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচেলর অব আর্টস (বিএ), জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ইন ডিফেন্স স্টাডিজ (এমডিএস) ও একই বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ইন সায়েন্সেস (এমএসসি-টেকনিক্যাল) ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল হতে এমফিল পার্ট-২ সম্পন্ন করেন। তিনি ঢাকার মিরপুর সেনানিবাসে অবস্থিত ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ হতে স্টাফ কোর্স এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ হতে এনডিসি কোর্স সম্পন্ন করেন। তিনি পাকিস্তানের স্কুল অব আর্টিলারিতে ওএসএল কোর্সে অংশগ্রহণ করেন এবং সকল বিদেশী ছাত্র-অফিসারদের মধ্যে ১ম এবং কোর্সে ২য় স্থান লাভ করেন।

বর্গিল কর্মময় জীবনে মেজর জেনারেল কায়কোবাদ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। সম্প্রতি তিনি নাইজেরিয়াতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে রাষ্ট্রদূত হিসেবে কর্মরত ছিলেন। তিনি ০১টি লোকেটিং ব্যাটারী, ০১টি ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি, ০২টি ইউএন মিশন যার ১টিতে অবজারভার (CMPIO) হিসেবে, ০৩টি বিজিবি ব্যাটালিয়ন এবং ০২টি আর্টিলারি ব্রিগেড কমান্ড করেছেন। স্টাফ অফিসার হিসেবে তিনি সেনাসদরের এজি'র শাখায় ডিএএজি(কর্ড), এএজি এবং পরিচালক হিসেবে এসএসএফ এ কর্মরত ছিলেন। তিনি ইথিওপিয়া এবং ইরিত্রিয়াতে জাতিসংঘ মিশনে দায়িত্ব পালন করেন। তিনি বিএমএ তে প্রশিক্ষক (প্লাটুন কমান্ডার) এবং আর্টিলারি সেন্টার ও স্কুলে সিনিয়র ইনস্ট্রাক্টর (গানারী) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বৈদেশিক প্রশিক্ষণ, শিক্ষা সফর ও ভ্রমণ উপলক্ষ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ভারতসহ পৃথিবীর মোট ২৯টি দেশ ভ্রমণ করেন। অবসর সময়ে মেজর জেনারেল কায়কোবাদ গলফ খেলতে পছন্দ করেন।

মেজর জেনারেল কাজী শরীফ কায়কোবাদ ও মিসেস লায়লা শরীফ সুখী দম্পতি এবং দুই সন্তানের গর্বিত জনক-জননী।